VARENDRA UNIVERSITY

বরেন্দ্র
বিশ্ববিদ্যালয়

তারিখ: সেপ্টেম্বর ২১, ২০২০
স্মারক নং: ববি/রেজি/অবি/৫৩০

অফিস বিজ্ঞপ্তি

(Free Studentship-ফার্মেসী ব্যতিত)

বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ে প্রতি সেমিস্টারে ৩% দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের টিউশন ফি মওকুফের সুবিধা বা Free Studentship দেওয়া হয়ে থাকে।

Fall-2020 সেমিস্টারে Free Studentship এর জন্য আগ্রহী শিক্ষার্থীরা **০৩.১০.২০২০ থেকে ০৭.১০.২০২০** তারিখ পর্যন্ত অনলাইনে Free Studentship এর জন্য আবেদন করতে পারবে। শিক্ষার্থী তাদের Student Panel এ গিয়ে Waiver Application অপশনে ক্লিক করে তাদের আবেদনপত্রটি পূরণ করে Submit করবে। Submit করার পর আর কোনো কিছু সংশোধন বা পুনরায় আবেদন করা যাবেনা। সুতরাং, Submit করার আগে তথ্য সঠিকভাবে পূরণ করতে হবে। Summer-2020 সেমিস্টারে Free Studentship সুবিধা প্রাপ্ত শিক্ষার্থীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। শিক্ষার্থীর সেমিস্টার পরীক্ষার ফলাফল ও আর্থিক অবস্থা মূল্যায়ন করে এই সুবিধা বজায় থাকবে/থাকবে না।

উল্লেখ্য নতুনভাবে আবেদন করার জন্য এবং Free Studentship প্রাপ্ত শিক্ষার্থীদের সুবিধা পুনর্বিবেচনার জন্য সর্বশেষ সেমিস্টার ফাইনাল পরীক্ষায় নিম্নরূপ জিপিএ থাকতে হবে:

ক) ইংরেজি, আইন ও মানবাধিকার, সমাজবিজ্ঞান, অর্থনীতি, জার্নালিজম, রাষ্টবিজ্ঞান: **ন্যূনতম জিপিএ - ৩.০০**
খ) ব্যবসায় প্রশাসন, সিএসই, ইইই: **ন্যূনতম জিপিএ - ৩.২৫**

বিভাগীয় প্রধানকে আগামী ১১.১০.২০২০ তারিখের মধ্যে উল্লেখিত বিষয়ের শিক্ষার্থীদের তালিকা রেজিস্ট্রার অফিসে Softcopy সহ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

Free Studentship কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে **আগামী ১৩.১০.২০২০ তারিখ বিকাল ৫ টায়** চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

'২১/০৯/2020

ড. মো: মহিউদ্দিন
রেজিস্ট্রার

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. সকল বিভাগ: বিভাগীয় প্রধান/কো-অর্ডিনেটর/প্রোগ্রাম অফিস/নোটিশ বোর্ড
২. অফিস: একাউন্টস/আইটি/ইনফরমেশন/পাবলিক রিলেশন
৩. অফিস কপি

তারিখঃ ০৩-১০-২০২০

ফল ২০২০ সেশনের সিএসই বিভাগের সকল ছাত্রছাত্রীদের প্রতি জরুরী নির্দেশনাবলী

সকল ছাত্র ছাত্রীদের জন্য অবশ্য পালনীয় নির্দেশনাবলী

- সকল ছাত্র-ছাত্রীদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যে, পে স্লিপ স্টুডেন্ট প্যানেলে পাওয়ার পর কারো যদি ক্রেডিট কম/বেশি, ওয়েভার সংক্রান্ত/অ্যামাউন্ট কমবেশি/বিবিধ সমস্যা পরিলক্ষিত হয় তাহলে বিচলিত না হয়ে প্রোগ্রাম অফিস কে (রবিবার থেকে বৃহস্পতিবার) সকাল ১০.০০ থেকে দুপুর ৩.০০ মধ্যে কল করে অবহিত করবেন। নিজের পে স্লিপ এর খুঁটিনাটি (ওয়েভার থাকলে/সেমিস্টার ক্রেডিট/রিটেক ইমপ্রুভমেন্ট নিয়ে থাকলে সেগুলোর ক্রেডিট/সেমিস্টার নং/credit ফি/টোটাল এমাউন্ট ইত্যাদি) অবশ্যই ভালোভাবে ক্রস চেক করে নিবেন তারপর ব্যাংকে জমা দিবেন। টিউশন ফি জমা দানের পর paid ব্যাংক পে স্লিপ অথবা payment confirmation sms/screenshot (Mobile Banking এর ক্ষেত্রে) ভবিষ্যৎ প্রয়োজনে অবশ্যই সংরক্ষণ করবেন।

#বি_দ্র:- ****কেউ যদি যেকোনো ওয়েভার এর জন্য যোগ্যতা অর্জন না করেও কারিগরি ত্রুটির কারণে পে স্লিপে ভুল করে ওয়েভার এ্যাড হয়ে যায় বা প্রাপ্ত ওয়েভার এর চেয়ে বেশী (%) এ্যাড হয়ে যায় তাহলে সেক্ষেত্রেও ফি জমা না দিয়ে তাৎক্ষনিক প্রোগ্রাম অফিসকে অবহিত করতে হবে অন্যথায় আগামী যেকনো সেমিস্টারে কারিগরি ত্রুটির কারণে প্রাপ্ত ওয়েভারের টাকা অতিরিক্ত এডজাস্ট হবে। (যেমন সেমিস্টার জিপিএ রেজাল্ট কমপক্ষে ৩.৪০ না হলে এসএসসি, এইচএসসি জিপিএ ফাইভ এর কারনে প্রাপ্ত ওয়েভার পাবেনা, কমপক্ষে জিপিএ ২.৫০ না থাকলে কোন কোটা ওয়েভার পাবেনা)।*

সেমিস্টার ড্রপ এর রেজিস্ট্রেশন

- সেমিস্টার ড্রপ এর স্টুডেন্ট,বর্তমানে ফল ২০২০ সেশন থেকে continue করতে বা রিএডমিশন নিতে ইচ্ছুক তারা অবশ্যই ১১ অক্টোবর ২০২০ এর মধ্যে সিএসই প্রোগ্রাম অফিসে যোগাযোগ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করে পে স্লিপ সংগ্রহ করবেন (স্বাস্থ্যবিধী মেনে সরাসরি অফিসে বা ফোনে সকাল ১০.০০ থেকে দুপুর ৩.০০ টার মধ্যে)।

রিটেক ইমপ্রুভমেন্ট এবং নতুন করে রিএডমিশন, সেমিস্টার ড্রপ রেজিস্ট্রেশন সংক্রান্তঃ

- ফল ২০২০ সেশনে যারা রিটেক বা ইম্প্রুভমেন্ট নিতে ইচ্ছুক তারা বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের নোটিশ প্যানেল/সিএসই ডিপার্টমেন্টের ফেসবুক গ্রুপ থেকে CSE RETAKE IMPROVEMENT FORM FALL 2020 ডাউনলোড করে আগামী ১০ অক্টোবর ২০২০ এর মধ্যে অবশ্যই যথাযথভাবে পূরণকৃত ফর্ম এর soft copy file অথবা স্বহস্তে পূরণকৃত ফর্মের স্ক্যান কপি/ স্পষ্ট ছবি নিম্নে উল্লেখিত ২টি ই-মেইল এ E-Mail করে পাঠাতে হবে (উভয় মেইল এ একসাথে ইমেইল করতে হবে)। একজন স্টুডেন্ট সর্বোচ্চ ১২ ক্রেডিট রিটেক/ ইম্প্রুভমেন্ট নিতে পারবে। শুধুমাত্র B থেকে D গ্রেড থাকলে সেই কোর্সে ইম্প্রুভমেন্ট নেয়া যায়। ভুল তথ্য/আংশিক পূরণকৃত ফর্ম গ্রহণযোগ্য বলে বিবেচিত হবেনা।

office.cse@vu.edu.bd

office.cse2@vu.edu.bd

E-Mail করার পর প্রোগ্রাম অফিসারদের কে ফোন করে জানাতে হবে এবং ই মেইল প্রাপ্তির বিষয়টি প্রোগ্রাম অফিসারের নিকট হতে নিশ্চিত হতে হবে (রবিবার থেকে বৃহস্পতিবার) সকাল ১০.০০ থেকে দুপুর ৩.০০ মধ্যে। উল্লেখিত ডেডলাইন মিস করা যাবে না। তবে স্টুডেন্টদেরকে রিটেক ইমপ্রুভমেন্ট ফর্ম যত শীঘ্রই সম্ভব পূরণ করে প্রোগ্রাম অফিসে মেইল করার জন্য অনুরোধ করা হল। ফল ২০২০ সেশনে সেমিস্টারের রিটেক/ইমপ্রুভমেন্ট নেওয়া ছাত্র-ছাত্রী অবশ্যই প্রোগ্রাম অফিস থেকে রেজিস্ট্রেশন সম্পন্ন/কনফার্ম (ফোনে/ফেসবুক group এর মাধ্যমে) হওয়ার পর পে স্লিপ ডাউনলোড বা সংগ্রহ করবেন। পে স্লিপে ক্রেডিট, টোটাল এমাউন্ট ভালোভাবে ক্রস চেক করে ব্যাংকে জমা দিবেন। কোন সমস্যা থাকলে প্রোগ্রাম অফিসে নক করবেন।

ফ্রি স্টুডেন্টশিপ সংক্রান্তঃ

- যারা ফ্রি স্টুডেন্টশিপ অ্যাপ্লাই করবেন বা ফ্রি স্টুডেন্টশিপ এর কারনে ছাড় পাবেন, তারা ফ্রি স্টুডেন্টশিপ এর রেজাল্ট হওয়ার পর প্যানেলে পে স্লিপে ওয়েভার এ্যাড করা হবে এবং তারপর তা স্টুডেন্ট প্যানেল থেকে ডাউনলোড করে জমা দেয়া যাবে। জমা দেয়ার পূর্বে প্রাপ্ত ওয়েভারটি ফ্রি স্টুডেন্টশিপ এর রেজাল্ট অনুযায়ী আছে কিনা তা দেখে ও পে স্লিপ ভালভাবে চেক করে টিউশন ফি জমা দিবেন।

ক্রেডিট ট্রান্সফার স্টুডেন্টদের রেজিস্ট্রেশান সংক্রান্ত

- ক্রেডিট ট্রান্সফার স্টুডেন্ট দের ফল ২০২০ সেশনে উত্তীর্ণ সেমিস্টারের কোন এক বা একাধিক কোর্স waived থাকলে সিএসই প্রোগ্রাম অফিসের সহযোগিতায় ১১ অক্টোবর ২০২০ এর মধ্যে রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া হল।

***উল্লেখ্য যে, সিএসই ছাত্র-ছাত্রীদের জন্য কোন ল্যাব ফি প্রযোজ্য নয়।

নির্দেশক্রমে

সকল সিআর-দের এই জরুরী বার্তাটি নিজ নিজ সেকশনে সার্কুলেট করার জন্য অনুরোধ জানানো হলো।

সি এস ই প্রোগ্রাম অফিসঃ

০১৭৩০-৪০৬৫৩৪, ০১৭৩০-৪০৬৫৫৭

ফেসবুক পেজঃ https://www.facebook.com/deptofcse.vu/

ফেসবুক গ্রুপঃ https://www.facebook.com/groups/312448452239956/

বরেন্দ্র বিশ্ববিদ্যালয় নোটিশ প্যানেলঃ https://vu.edu.bd/notice

Prof. Dr. Md. Sharad Uz Zaman
Head
Dept. of CSE
Varendra University

** বিশেষ বা জরুরী প্রয়োজনে অফিসে আসতে হলে স্বাস্থ্যবিধী মেনে আসা বাধ্যতামূলক (রবিবার থেকে বৃহস্পতিবার) সকাল ১০.০০ থেকে দুপুর ৩.০০ মধ্যে।